

সমকাল

২০২২ সালের এসএসসি ও এইচএসসির সিলেবাসও কমল

প্রকাশ: ২৬ মে ২০২১ | আপডেট: ২৬ মে ২০২১

সমকাল প্রতিবেদক



ফাইল ছবি

মহামারি করোনাভাইরাসের কারণে চলতি বছরের মতো ২০২২ সালের এসএসসি ও এইচএসসির সিলেবাসও কমানো হয়েছে। বুধবার দুপুরে এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এ কথা জানান।

মন্ত্রী বলেন, আগামী বছর যারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন, তারাও করোনার কারণে ক্লাস করতে পারছেন না। শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি চলছে। শিক্ষার্থীরা সরাসরি ক্লাসরুমে ক্লাস করতে পারছেন না। এ কারণে তাদের সিলেবাসও কমানো হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাস পুনরায় শুরু করা গেলে এই শিক্ষার্থীদের অন্তত ১৫০ কার্যদিবস ক্লাস নিয়ে সেই সংক্ষিপ্ত সিলেবাস শেষ করা হবে। সে পর্যন্ত তারা অ্যাসাইনমেন্ট করবেন। আগামী জুন মাস থেকেই তারা প্রতি সপ্তাহে তাদের জন্য নির্ধারিত ছুটি করে অ্যাসাইনমেন্ট সম্পন্ন করবে।

চলতি বছরের (২০২১ সালের) এসএসসি ও এইচএসসি পরীক্ষা সম্পর্কে ডা. দীপু মনি বলেন, করোনার সংক্রমণ কমলে শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়ার পর এসএসসিতে ৬০ কর্মদিবস ও এইচএসসিতে ৮৪ কর্মদিবস ক্লাস নিয়ে তারপর পরীক্ষা নেওয়া হবে।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দিতে তিন ধরনের প্রস্তুতি রয়েছে। সেটা হলো, শিক্ষক-শিক্ষার্থীদের টিকা দেওয়ার কার্যক্রম পরিচালনা, শিক্ষাপ্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের দিকে নজর দেওয়া।

তিনি বলেন, টিকা নিয়ে যে সমস্যা ছিল তা কেটে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়গুলোর আবাসিক শিক্ষার্থী যাদের জাতীয় পরিচয়পত্র আছে তারা টিকা পাবেন।

টিকা নিশ্চিত করার পরেই বিশ্ববিদ্যালয়গুলো খুলে দেওয়া সম্ভব হবে বলে তিনি জানান। তবে বিশ্ববিদ্যালয়গুলোর অনলাইন ক্লাস চলছে এবং এরই মধ্যে অনলাইন পরীক্ষা নেওয়ারও অনুমতি দেওয়া হয়েছে। তাই শিক্ষার্থীদের উদ্বেগ-উৎকণ্ঠা কেটে যাবে।

ভার্চুয়াল সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন, শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. মাহবুব হোসেন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আমিনুল ইসলাম, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব গোলাম মোহাম্মদ হাসিবুল আলম, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্যবৃন্দ ও শিক্ষাবোর্ডের চেয়ারম্যানরা উপস্থিত ছিলেন।

© সমকাল ২০০৫ - ২০২১

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ | ই-মেইল: samakalad@gmail.com